# প্রধান উপদেষ্টার কার্যালয়ে আজ অন্তর্বর্তী সরকারের সংবাদ সম্মেলন




সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকার আজ সোমবার (৩ নভেম্বর) দুপুরে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করেছে। প্রধান উপদেষ্টার কার্যালয়ের করবী হলে দুপুর ১২টায় এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

রোববার (২ নভেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়। এতে জানানো হয়, শুধুমাত্র বৈধ নিরাপত্তা পাসধারী স্বীকৃত সাংবাদিকদেরই সংবাদ সম্মেলনে প্রবেশের অনুমতি থাকবে।

প্রেস উইং জানিয়েছে, সংশ্লিষ্ট সাংবাদিকদের সময়মতো উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়েছে।

সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে প্রধান উপদেষ্টার প্রেস উইংয়ের পক্ষ থেকে বেশ কিছু ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে। তবে সেগুলো সাধারণত রাজধানীর ফরেন সার্ভিস একাডেমি বা প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন 'যমুনা'য় আয়োজিত হয়েছে।

LENS ASIA

বিশ্লেষকদের মতে, এবার প্রথমবারের মতো প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন প্রশাসনিক দিক থেকে একটি গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত স্থাপন করবে।